



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দিনা, কুমিল্লা।

Web: www.comillapbsl.org

ফোন : ০৮০২২-৫৬১৩১

০৮০২২-৫৬১৪৩

ই-মেইল : comillapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫১২.১০০.০১০.১৭.৬৪৯৯

তারিখঃ ২৩/০৮/১৪২৪ বাং
০৭/০৮/২০১৭ ইং।

“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ”

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নে উল্লেখিত ব্যবহারযোগ্য প্যাকিং কাঠ এবং খালি কাঠের ড্রাম “যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে” নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আত্মহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে সাদা কাগজে / প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	সর্বনিম্ন একক নিলাম মূল্য (টাকা)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	প্যাকিং কাঠ	১০,০০০ কেজি	২.০০		
০২	কাঠের ড্রাম	৪৫টি	৫০.০০		

শর্তাবলী :

- ০১। আত্মহী নিলাম দরপত্রদাতাগন আগামী ২২/০৮/২০১৭ইং তারিখ দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লায় রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করা যাইবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “কুমিল্লা পবিস-১ এর প্যাকিং কাঠ এবং খালি কাঠের ড্রাম নিলাম দরপত্র” কথাটি লিখিতে হইবে।
- ০২। প্রাপ্ত দরপত্রসমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২২/০৮/২০১৭ইং তারিখ দুপুর ১২-৩০ ঘটিকার সময় উপস্থিত নিলাম দাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৩। নিলামে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেষ্টম্যানি (ফেরৎযোগ্য) জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হইবে, অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৪। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে আগামী ২১/০৮/২০১৭ইং তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) বর্ণিত মালামাল সমিতির সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লায় পরিদর্শন করা যাইবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বনিম্ন মূল্যের নীচে কোন দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৫। কৃতকার্য দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং সরকারী বিধি মোতাবেক উদ্ধৃত মোট মূল্যের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও উৎস কর নগদ/পে-অর্ডার আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করিতে হইবে এবং ইহাতে বার্থ হইলে আর্নেষ্টম্যানি হিসাবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।
- ০৬। প্যাকিং কাঠের পরিমাণ বেশী/কম হইলে উদ্ধৃত একক দরের ভিত্তিতে অতিরিক্ত মালামালের মূল্য পরিশোধ এবং ঘাটতি মালামালের মূল্য ফেরত প্রদান সাপেক্ষে মালামাল প্রদান করা হইবে।
- ০৭। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উক্ত নিলাম সংক্রান্ত যে কোন বিতর্কে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২৪:
(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ)

- ০১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ০২। পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। পরিচালক, পবিস উঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, কুমিল্লা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কুমিল্লা।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারপবিস -১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুমিল্লা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার,কুমিল্লা।
- ০৯। ডিজিএম, দেবিদ্বার/কোম্পানীগঞ্জ/ বরুড়া জোনাল অফিস/সদর -কারিগরি, কুমিল্লা পবিস-১।
- ১০। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চান্দিনা।
- ১১। এজিএম(অর্থ-হিসাব/ইএন্ডসি), কুমিল্লা পবিস-১।
- ১২। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।
- ১৩। বিলের কপি
- ১৪। অফিস কপি/মাস্টার কপি।

২০১৭/৮/১৭
(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)